

দু'টি সন্তানের বেশী নয়  
একটি হলে ভাল হয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবার পরিকল্পনা অধিদপ্তর  
ক্লিনিক্যাল কন্ট্রোলসেশন সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম  
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।  
e-mail : ccspdpgfp@gmail.com

স্মারক নং-পপঅ/সিসিএসডিপি/ ৫৫০২


তারিখ : ২৭/৪/২০১৬

### পরিপত্র

বিষয় : তাৎক্ষণিক প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা পদ্ধতি হিসেবে ইমপ্ল্যান্ট প্রদান প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা গ্রহণের ক্ষেত্রে গ্রহীতার চাহিদা এবং পছন্দের ভিত্তিতে তাৎক্ষণিক প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা পদ্ধতি হিসেবে ইমপ্ল্যান্ট ব্যবহারের উপযুক্ততা নিশ্চিত করা হয়েছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার মতে প্রসবের ঠিক পর মুহূর্তেই গ্রহীতা তাৎক্ষণিক প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা পদ্ধতি হিসেবে ইমপ্ল্যান্ট গ্রহণ করতে পারেন, এক্ষেত্রে প্রসবের পর ছয় (০৬) সপ্তাহ পর্যন্ত অপেক্ষা করার কোন প্রয়োজন নেই। উল্লেখিত পদ্ধতিতে পার্শ্ব-প্রতিক্রিয়া নেই বললেই চলে এবং এ পদ্ধতি গ্রহণে বুকের দুধের কোন তারতম্য হয় না, নবজাতকের স্বাস্থ্যগত কোন সমস্যা হয়না বরং গ্রহীতা প্রয়োজন অনুযায়ী দীর্ঘমেয়াদি পদ্ধতি গ্রহণের মাধ্যমে অনাকাঙ্ক্ষিত গর্ভধারণ রোধ করতে পারেন। ১০ই ফেব্রুয়ারী, ২০১৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ন্যাশনাল টেকনিক্যাল কমিটির ৬৬তম সভার উপরোক্ত বিষয়ে বিস্তারিত আলোচনার পরিপ্রেক্ষিতে এই সিদ্ধান্ত গৃহীত হয় যে 'তাৎক্ষণিক প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা পদ্ধতি হিসেবে ইমপ্ল্যান্ট প্রদান করা যাবে'।

উপরোক্ত সিদ্ধান্তের আলোকে তাৎক্ষণিক প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা পদ্ধতি হিসেবে MEC অনুসরণ পূর্বক ইমপ্ল্যান্ট প্রয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।


  
মোহাম্মদ ওয়াহিদ হোসেন এনডিসি  
মহাপরিচালক  
পরিবার পরিকল্পনা অধিদপ্তর।

স্মারক নং- পপঅ/ সিসিএসডিপি/---৫৫০২/৭২৬০

তারিখ : ২৭/৪/২০১৬

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে প্রেরিত হলো:

১. পরিচালক/লাইন ডাইরেক্টর (সকল)-----পরিবার পরিকল্পনা অধিদপ্তর/স্বাস্থ্য অধিদপ্তর।
২. পরিচালক, পরিবার পরিকল্পনা/স্বাস্থ্য (সকল) ----- বিভাগ।
৩. সিভিল সার্জন (সকল) -----জেলা।
৪. উপ পরিচালক, পরিবার পরিকল্পনা (সকল) ----- জেলা।
৫. তত্ত্বাবধায়ক, জেলা সদর হাসপাতাল (সকল) -----, জেলা।
৬. আঞ্চলিক সুপারভাইজার, এফপিসিএসটি/কিউএটি (সকল) ----- অঞ্চল।
৭. সহকারী পরিচালক (ক্লিনিক্যাল কন্ট্রোলসেশন/পরিবার পরিকল্পনা), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়,----- জেলা।
৮. মেডিকেল অফিসার (ক্লিনিক্যাল কন্ট্রোলসেশন), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়,----- জেলা।
৯. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ----- উপজেলা, -----জেলা।
১০. মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি/ক্লিনিক) ----- উপজেলা, -----জেলা।
১১. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ----- উপজেলা, -----জেলা।
১২. প্রকল্প পরিচালক, মায়ের হাসি-II ও দেশীয় প্রতিনিধি, এনজেভারহেলথ বাংলাদেশ।
১৩. প্রেসিডেন্ট, ওজিএসবি, মিরপুর, ঢাকা।
১৪. জনাব/ডাঃ -----
১৫. মহা পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা/স্বাস্থ্য অধিদপ্তর।
১৬. অফিস কপি।

  
ডাঃ মোঃ মঈনুদ্দীন আহমেদ  
লাইন ডাইরেক্টর

ক্লিনিক্যাল কন্ট্রোলসেশন সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম।  
টেলিফোন : ৫৮১৫২৩১১ (অ)